15

দৈনিক বাংলা

তারিখ ... 02 MAR 1996 ...
পৃষ্ঠা ৭ কলাম ৮......

# গাজীপুরে ১৫৩টি শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়নের কাজ সম্পন্ন

**মিডিয়া সিন্ডিকেট** : গাজীপুর, ১ মার্চ। –গাজীপুর জেলায় ফ্যাসিলিটিজ বিভাগ গত ৪ বছরে প্রায় ১১ কোটি ৬৯ লাখ টাকা ব্যয়ে ১৫৩টি শিক্ষা প্রতিষ্ঠানের উন্নয়নের কাজ সম্পন্ন করেছে।

সংশ্লিষ্ট সূত্রে প্রকাশ, গাজীপুর ফ্যাসিলিটিজ বিভাগ গত ৪ বছরে প্রায় ৭ কোটি ৪৪ লাখ টাকা ব্যয়ে ১৩৯টি বেসরকারী উচ্চ বিদ্যালয়, ২৮ লাখ টাকা ব্যয়ে ৩টি সরকারী উচ্চ বিদ্যালয়, বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্প দুটিতে ১ কোটি ১০ লাখ টাকা, ৫৭ লাখ টাকা ব্যয়ে বিআইটি, দেড় কোটি টাকা ব্যয়ে জিওবি'র ছটি কলেজ ও ৮০ লাখ টাকা ব্যয়ে এডিবি'র দুটি কলেজের উন্নয়নের কাজ সম্পন্ন হওয়ার পথে রয়েছে। এর মধ্যে বিজ্ঞান শিক্ষা উন্নয়ন প্রকল্পে গাজীপুর ভাওয়াল বদরে আলম সরকারী কলেজ ও টঙ্গী সরকারী কলেজে ১ কোটি ১০ টাকা, গাজীপুর বিআইটি'র মহিলা ছাত্রাবাস নির্মাণে ৫৭ লাখ টাকা, জিওবি'র ছটি কলেজে (কাপাসিয়া ডিগ্রি কলেজ, শ্রীপুর ডিগ্রি কলেজ, জামালপুর ডিগ্রী কলেজ, কালীগঞ্জ শ্রমিক ডিগ্রি কলেজ, আজিমউদ্দীন কলেজ ও ক্যান্টনমেন্ট বোর্ড কলেজ) ১ কোটি ৫০ লাখ, এডিবি'র দুটি কলেজে (বঙ্গতাজ কলেজ ও গাজীপুর মহিলা কলেজ) ৮০ লাখ টাকা ব্যয়ে বিভিন্ন উন্নয়ন কাজ সম্পন্ন হয়েছে ও কাজ সমাপ্তির পথে রয়েছে।

গাজীপুর ফ্যাসিলিটিজ বিভাগের সহকারী প্রকৌশলী ওবায়েদুল ইসলাম জানান, এসব শিক্ষা প্রতিষ্ঠানে উন্নয়নের কাজ চলায় আগের চেয়ে প্রাণচাঞ্চল্য বহুলাংশে ফিরে এসেছে। নির্মাণকাজ শেষ হওয়াতে শিক্ষা প্রতিষ্ঠানগুলোয় শ্রেণীকক্ষ বৃদ্ধি পেয়েছে।